

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
এপিএ সেল  
[www.rdc.gov.bd](http://www.rdc.gov.bd)



বঙ্গবন্ধুর দর্শন  
সমবায়ের উন্নয়ন

স্মারক নং ৪৭.০০.০০০০.০৪৬.১৬.০০১.২০.১৩২

১৪ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ।  
তারিখ : .....  
২৯ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) এর উত্তম চর্চার তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল প্রনয়ণ ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর সূচক নং-৫.১ অনুযায়ী অত্রবিভাগের উত্তম চর্চার তালিকা প্রনয়ণ করা হয়েছে।

এমতাবস্থায়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উত্তম চর্চার তালিকা পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রমগ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি:১) উত্তম চর্চার তালিকা (০১) পাতা।

  
২৯/৯/২০২০

(নাহরিন সুলতানা)

সহকারী সচিব

ফোন: ৯৫৭৫৫৭০

e-mail: [apa.rdc@gmail.com](mailto:apa.rdc@gmail.com)

সচিব,  
সমন্বয় ও সংস্কার  
মন্ত্রিপরিষদ বিভাগ।

(স্:আ: নাহিদ সুলতানা)  
সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা।  
মন্ত্রিপরিষদ বিভাগ

অনুলিপি :

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০২। অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০৩। অফিস কপি।



০/১

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২০-২১ অর্থবছরের উত্তম চর্চা (Best Practices) এর তালিকা:

১। শিরোনাম: করোনা ভাইরাস (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে জীবাণুমুক্তকরণ টানেল ব্যবহার করা।

বিবরণ: করোনা ভাইরাস (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে জীবাণুমুক্তকরণ টানেল স্থাপনসহ এর ব্যবহার নিশ্চিত করা হয়েছে।

২। শিরোনাম: দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম এর ব্যবহার নিশ্চিত করা।

বিবরণ: দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/ এসএমএস) এর ব্যবহার নিশ্চিত করাসহ সংশ্লিষ্ট সকলকে ই- নথি ব্যবহার করার জন্য উৎসাহিত করা হচ্ছে; ফলে কাগজের অপচয় রোধ হবে।

৩। শিরোনাম: করোনা ভাইরাস (কোভিড-১৯) সহ অন্যান্য ভাইরাস প্রতিরোধকল্পে অফিস ভবনে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা।

বিবরণ: করোনা ভাইরাস (কোভিড-১৯) সহ ডেঙ্গু, চিকুনগুনিয়া, ম্যালেরিয়াসহ মশাবাহিত রোগ প্রতিরোধে অফিস কক্ষ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা হচ্ছে। অফিসে প্রবেশের সময় কর্মকর্তা/কর্মচারীদের হ্যান্ডওয়াশ/ সাবান পানি দিয়ে ভালভাবে হাত ধৌত করা এবং অফিসে অবস্থানকালীন সময়ে মাস্ক পরিধান নিশ্চিত করা হয়েছে।

৪। শিরোনাম: টয়লেটের পরিবেশ উন্নত করা।

বিবরণ: টয়লেটের পরিবেশ উন্নত করা ও ময়লা আবর্জনা নির্দিষ্ট ডাস্টবিনে রাখাসহ স্বাস্থ্য বিধি মেনে টয়লেট ব্যবহারের জন্য সকলকে অবহিত করা হয়েছে।

৫। শিরোনাম: বিদ্যুৎ সাশ্রয়ের জন্য বৈদ্যুতিক সরঞ্জামাদির অপচয় রোধ করা।

বিবরণ: বিদ্যুৎ সাশ্রয়ের জন্য অফিস ত্যাগের পূর্বে এবং বিনা প্রয়োজনে লাইট, ফ্যান এর সুইচ বন্ধ রাখায় সকলকে পরামর্শ প্রদান করা হচ্ছে।

৬। শিরোনাম: সেবা গ্রহিতাদের দ্রুত সেবা প্রদান।

বিবরণ: সেবাগ্রহিতাদের দ্রুত সেবা প্রদানসহ বয়োজ্যেষ্ঠ নাগরিকসহ সেবাগ্রহিতাদের সাথে সৌজন্যমূলক আচরণ প্রদর্শন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে।

